DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 02:15 PM

সারাদেশ

# বিফ কাবাব খেয়ে পেটব্যথা, প্রতিবাদ করায় ক্রেতাকে লাঞ্ছিতের অভিযোগ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়া শহরের আল হেলাল (ক্বারী) হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট-এর বিরুদ্ধে মানহীন ও বাসি খাবার বিক্রি এবং এর প্রতিবাদ করায় এক ক্রেতাকে ধাক্কা দিয়ে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে। এ ঘটনায় প্রতিকার চেয়ে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও জেলা প্রশাসকের কাছে লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী।

অভিযোগকারী মনিরুজ্জামান ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার হালদারপাড়া এলাকার আবদুল আজিজের ছেলে। তাঁর অভিযোগ, গত শনিবার (১৫ আগস্ট) রাত পৌনে ১০টার দিকে শহরের মসজিদ রোডের ক্বারী কমপ্লেক্সের দ্বিতীয় তলায় অবস্থিত আল হেলাল হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট থেকে ২২০ টাকা করে মোট ৮৮০ টাকায় চারটি বিফ কাবাব কেনেন তিনি।

অভিযোগে বলা হয়েছে, বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের নিয়ে দুটি কাবাব খাওয়ার পরপরই তাঁদের পেটে ব্যথা শুরু হয়। পরে খাবারের

মান খারাপ ও বাসি হওয়ার বিষয়টি বুঝতে পেরে মনিরুজ্জামান রেস্টুরেন্টের মালিক মো. সহিদুল্লাহকে ফোন করে বিষয়টি জানান। এ সময় তাঁকে রেস্টুরেন্টে এসে কথা বলতে বলা হয়।

এরপর বাকি দুটি বিফ কাবাব সঙ্গে নিয়ে রেস্টুরেন্টে গেলে খাবারের মান নিয়ে মালিকপক্ষের সঙ্গে তাঁর কথা-কাটাকাটি হয়। একপর্যায়ে রেস্টুরেন্টের মালিকদের বড় ভাই হাফেজ মো. বরকত উল্লাহ তাঁকে ধাক্কা দেন এবং অশালীন ভাষায় গালাগাল করে রেস্টুরেন্ট থেকে বের করে দেন বলে অভিযোগ করেছেন মনিরুজ্জামান।

ভুক্তভোগীর দাবি, খাবারের মান ঠিক না রেখে ক্রেতাদের স্বাস্থ্যঝুঁকিতে ফেলার পাশাপাশি অভিযোগ জানাতে গিয়ে তাঁকে লাঞ্ছিত করা হয়েছে। এ ঘটনার সুষ্ঠু তদন্ত করে রেস্টুরেন্টটির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তিনি।

সাধারণ মানুষের স্বাস্থ্য সুরক্ষা এবং খাদ্যপণ্যের মান নিশ্চিত করার স্বার্থে জেলা প্রশাসক ও জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে জরুরি তদন্তের আবেদন করেছেন মনিরুজ্জামান।

এ বিষয়ে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, লিখিত অভিযোগটি তাঁরা পেয়েছেন। অভিযোগটি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




### ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/bif-kabab-kheye-petbjtha-prtibad-kray-kretake-lanchhiter-obhijpg